

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৬.১৮-১৫৫

২৪ ভাদ্র, ১৪২৬  
তারিখ: \_\_\_\_\_  
০৮ সেপ্টেম্বর, ১৯

বিষয় : ডিআইএ কর্তৃক প্রতিষ্ঠানসমূহে প্রেরিত পরিদর্শন রিপোর্টের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে ব্রডশীট জবাব (যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে) টিএমইডি-তে প্রেরণ।

সূত্র : ১। স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৬.১৮-১২৬, তারিখ: ২৯.০৭.১৯ খ্রি:।  
২। স্মারক নং-ডিআইএ/নোয়া/২১৭-এস/চট্ট: ৩৮০, তারিখ: ২৯/০৮/১৯ খ্রি:।  
৩। স্মারক নং-ডিআইএ/নোয়া/৪০৬-এস/চট্ট: ৩৮১, তারিখ: ২৯/০৮/১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিআইএ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলি পরিদর্শন করা হয়ে থাকে এবং এর পরিদর্শন রিপোর্ট মন্ত্রণালয়ে প্রেরণের পূর্বে পরিদর্শিত প্রতিষ্ঠানসমূহের বিষয়ে সার-সংক্ষেপের তথ্য ডিআইএ কর্তৃক টিএমইডি-তে প্রেরণ করা হয়। পরবর্তীতে ডিআইএ কর্তৃক পূর্ণাঙ্গ পরিদর্শন রিপোর্ট টিএমইডি-তে প্রেরণ করা হয়ে থাকে। এর প্রেক্ষিতে টিএমইডি কর্তৃক পরিদর্শন রিপোর্টের ব্রডশীট জবাব প্রেরণের জন্য (সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শন রিপোর্ট প্রেরণপূর্বক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে অনুরোধ জানানো হয়।

০২। উক্ত প্রক্রিয়ায় ব্রডশীট জবাব শিক্ষা প্রতিষ্ঠান থেকে টিএমইডি-তে প্রাপ্তির প্রক্রিয়াটি দীর্ঘ এবং সময়সাপেক্ষ। উল্লেখ্য যে, ডিআইএ কর্তৃক পরিদর্শন রিপোর্টের কপি টিএমইডি-তে প্রেরণ করার সাথে সাথে শিক্ষা প্রতিষ্ঠানেও প্রেরণ করা হয়ে থাকে।

০৩। এমতাবস্থায়, ডিআইএ কর্তৃক প্রতিষ্ঠানসমূহে প্রেরিত পরিদর্শন রিপোর্টে নির্ধারিত সময়ের মধ্যে ব্রডশীট জবাব (যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে) টিএমইডি-তে প্রেরণের নিমিত্ত নির্দেশনা সম্বলিত অনুচ্ছেদ যোগক্রমে রিপোর্ট প্রণয়নের জন্য সূত্রে বর্ণিত (১) নং স্মারকের মাধ্যমে অনুরোধ করা হয়েছিল। কিন্তু (২) নং এবং (৩) নং স্মারকের মাধ্যমে মহোদয়ের দপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যাচ্ছে টিএমইডি এর নির্দেশনাটি এখনো বাস্তবায়ন করা হয়নি। এক্ষণে উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নের (আগামি ২৩.০৯.১৯ এর মধ্যে বাস্তবায়ন প্রতিবেদনসহ) জন্য মহোদয়কে ২য় বারের মতো অনুরোধ করা হলো।



(নূরজাহান বেগম)  
সিনিয়র সহকারী সচিব (অডিট)  
ফোন : ৯৫৭৫২৭২


পরিচালক  
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৬.১৮-১৫৫

২৪ ভাদ্র, ১৪২৬  
তারিখ: \_\_\_\_\_  
০৮ সেপ্টেম্বর, ১৯

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪-০৫. অফিস কপি/ মাষ্টার কপি।

  
০৮.০৯.১৯  
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

